E-No-8007
07/08/19

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কপিরাইট অফিস, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় গ্রন্থাগার ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.copyrightoffice.gov.bd

স্মারক : ৪৩.২৯.০০০০.০০১.০৩.২১০.১৮.১৩০৩৫

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৬ / ০৮ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের আওতাধীন পার্কগুলোতে বিনিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক চাহিত সেবাসমূহ ওয়ান স্টপ সার্ভিস-এর মাধ্যমে প্রদানের নিমিত্ত তাঁর দপ্তরের Standard Operating Procedure (SOP) এবং Service Flow Chart প্রেরণ।

সূত্র: বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর স্মারক: ৫৬.০২.০০০০.০০৬.১৮.২১৭.১৯.১০৭, তারিখ: ০৪.০৯.২০১৯ খৃ.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের আওতাধীন পার্কগুলোতে বিনিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক চাহিত সেবাসমূহ ওয়ান স্টপ সার্ভিস-এর মাধ্যমে প্রদানের নিমিত্ত করণীয় সম্পর্কে সেবা প্রদানকারী দপ্তর/সংস্থাসমূহের প্রতিনিধিগণের সাথে গত ০১.০৯.২০১৯ তারিখে এক সভা অনুষ্ঠিত হয়।

২। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক ওয়ান স্টপ সার্ভিস (বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ)) বিধিমালা, ২০১৯ অনুযায়ী ওয়ান স্টপ সার্ভিস এর মাধ্যমে বিনিয়োগকারীগণকে সেবা প্রদানের নিমিত্ত বাংলাদেশ কপিরাইট অফিসের কপিরাইট আবেদনের পদ্ধতি (অনলাইন ও ম্যানুয়েল) এবং Service Flow Chart প্রেরণ করা হলো। উল্লেখ্য, চালান ফরমের নমুনা এবং অঙ্গীকারনামার নমুনাও (হার্ডকপি ও ই-মেইল) এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

DS (OSS)

(জাফর রাজা চৌধুরী)
রেজিস্ট্রার অফ কপিরাইটস
ফোন নং ৯৪১৯৬৩২
ই-মেইল: copyrightoffice_bangladesh@yahoo.com

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
(দৃষ্টি আকর্ষণ: জনাব নাসির উদ্দিন আহম্মেদ, উপসচিব)

অনুলিপি:

১। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
কপিরাইট অফিস, বাংলাদেশ।

কপিরাইট কী?

মানব মন, সৃজনশীলতা ও সংস্কৃতির মাধ্যমে যে মেধা সম্পদ সৃজিত হয়, মূলতঃ এর আইনগত স্বীকৃতি ও সুরক্ষার প্রয়োজনেই কপিরাইটের উদ্ভব। কপিরাইট দ্বারা মেধা সম্পদের ওপর প্রণেতার নৈতিক ও আর্থিক অধিকার প্রতিষ্ঠিত হয়।

কপিরাইট রেজিস্ট্রেশনের আওতাভুক্ত বিষয়সমূহঃ

সাহিত্য, কম্পিউটার সফট্ওয়্যার, মোবাইল অ্যাপস, কম্পিউটার গেইম, সংগীত, রেকর্ড (অডিও-ভিডিও), ই-মেইল, ওয়েবসাইট, সোশ্যাল মিডিয়া, বেতার ও টেলিভিশন সম্প্রচার, চলচ্চিত্র, নাটক, স্থাপত্য নকশা, কার্টুন , চার্ট, ফটোগ্রাফ, বিজ্ঞাপন (ভিডিও, অডিও, পোস্টার, বিলবোর্ডসহ অন্যান্য), স্লোগান, থিম সং (Theme Song), ফেসবুক ফ্যান পেজ (Facebook Fan Page) এবং বিভিন্ন ধরণের শিল্পকর্মসহ অন্যান্য।

কপিরাইট রেজিস্ট্রেশনের সাধারণ সুবিধা:

- নৈতিকভাবে আবহমানকাল ধরে মেধাসম্পদের প্রণেতা হিসেবে আইনগত স্বীকৃতি;
- উত্তরাধিকার সূত্রে মালিকানা স্বত্ব নিশ্চিত হয়;
- মেধাসম্পদ বিভিন্ন পন্থায় পুনরুৎপাদন, বিক্রয়, বাজারজাতকরণ, লাইসেন্স প্রদান এবং জনসম্মুখে প্রদর্শনীর ক্ষেত্রে একচ্ছত্র অধিকার;
- মেধাসম্পদের কপিরাইট রেজিস্ট্রেশন সনদ যে কোন আদালতে মালিকানা সংক্রান্ত উদ্ভূত জটিলতার ক্ষেত্রে প্রমাণক হিসেবে কার্যকর;
- একক স্বত্বাধিকারের কপিরাইট রেজিস্ট্রিকৃত পণ্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রে দরপত্র বা বিজ্ঞাপন আহবান কিংবা দরপত্রের প্রয়োজনীয় জামানত দাখিল করার প্রয়োজন হয় না; ফলে একক স্বত্বাধিকারী একমাত্র দরপত্র দাতা হিসেবে সরকারি প্রতিষ্ঠানসমূহে পণ্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে একচ্ছত্র অধিকার ভোগ করেন (পাবলিক প্রকিউরমেন্ট রুলস, ২০০৮ ধারা ৭৬);
- কপিরাইট রেজিস্ট্রেশন সনদ মেধাসম্পদের অবৈধ ব্যবহারের ক্ষেত্রে প্রশাসনিক, ফৌজদারি ও দেওয়ানী আদালতে আইনগত প্রতিকার লাভে সহায়ক হয়;
- বাণিজ্যিক উদ্দেশ্যে ইউটিউবসহ বিভিন্ন ডিজিটাল মিডিয়ায় সংগীত, নাটক, চলচ্চিত্র, ম্যাগাজিন অনুষ্ঠান ইত্যাদি আপলোড অথবা অভিযোগ দাখিলের ক্ষেত্রে কপিরাইট রেজিস্ট্রেশন সনদ মালিকানা স্বত্বের প্রমাণক হিসেবে দাখিল করা যায়;
- প্রতিষ্ঠানের পরিচিতি/ স্বকীয়তা তথা সুনাম (Goodwill) কে সুরক্ষা প্রদান;
- বাংলাদেশ বিশ্ব মেধাসম্পদ সংস্থার সদস্য হওয়ায় কপিরাইট সনদ বিশ্বের যে কোন দেশে উক্ত দেশের প্রচলিত আইনের ভিত্তিতে অর্থনৈতিক ও নৈতিক অধিকার সংরক্ষণ করে।
- কপিরাইট রেজিস্ট্রিকৃত কোন কর্ম যা বাংলাদেশে তৈরি হলে কপিরাইট লংঘিত হতো এরূপ কোন কর্মের আমদানির বিরুদ্ধে রেজিস্ট্রার অফ কপিরাইটস এর নিকট নিষেধাজ্ঞা চাওয়ার সুযোগ রয়েছে।

কখন কপিরাইট বা রিলেটেড রাইট লংঘিত হয়?

কপিরাইট/রিলেটেড রাইটের বৈধ মালিক বা প্রণেতার অনুমতি বা লাইসেন্স ছাড়া কিংবা রেজিস্ট্রার অফ কপিরাইটের ইস্যুকৃত লাইসেন্স ব্যতীত বা লাইসেন্সের শর্ত ভঙ্গ করে এমন কোন কাজ কপিরাইট লংঘন হিসেবে বিবেচিত হবে।

কপিরাইট লংঘন হলে প্রতিকার ঃ কপিরাইট লংঘনজনিত অপরাধ এর মামলা ফৌজদারি বা দেওয়ানী আদালতে দায়ের করা যায়। এছাড়াও সংক্ষুব্ধ ব্যক্তি কপিরাইট অফিসে অভিযোগ দাখিল করতে পারেন।

কপিরাইট লংঘনের শাস্তি ঃ কপিরাইট আইন ২০০০ এর ৮২ ধারার বিধানমতে কপিরাইট লংঘনের শাস্তির অনুর্ধ্ব ০৪ (চার) বছর কিন্তু অন্যূন ০৬ (ছয়) মাস কারাদন্ড এবং অনুর্ধ্ব দুই লক্ষ টাকা কিন্তু অন্যূন পঞ্চাশ হাজার টাকার অর্থদন্ড।

কপিরাইট রেজিস্ট্রেশনের পদ্ধতিঃ

কপিরাইট অফিস কপিরাইট রেজিস্ট্রেশনের ক্ষেত্রে অনলাইন এবং ম্যানুয়্যাল দু'ধরনের রেজিস্ট্রেশন সেবা প্রদান করে থাকে ।

i. ম্যানুয়েল পদ্ধতি ও সংযুক্তিসমূহ

১. সংশ্লিষ্ট ০২ (দুই) কপি কর্মসহ নির্ধারিত ফরমে পুরণকৃত আবেদনপত্র ০২ (দুই) কপি (ফরম-২);
২. পাসপোর্ট সাইজের এক কপি সত্যায়িত ছবি;
৩. বাংলাদেশের নাগরিকত্ব প্রমাণের জন্য আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের সত্যায়িত ফটোকপি;
৪. সফটওয়্যার কর্মের ক্ষেত্রে ব্যবহার উপযোগিতা/শিল্পকর্মের ক্ষেত্রে কর্মটি শৈল্পিক ব্যাখ্যা/সংগীত কর্মের ক্ষেত্রে গীতিকার, সুরকার ও কণ্ঠশিল্পীর

নাম উল্লেখসহ গানের তালিকা/সাহিত্য কর্মের ক্ষেত্রে কর্মটি প্রকাশিত হলে প্রচ্ছদ কর্মের হস্তান্তর দলিল (রচয়িতা ব্যতীত);

৫. বাংলাদেশ/সোনালী ব্যাংক লিঃ এর যে কোন শাখায় ১-৩৪৩৭-০০০০-১৮৪১ কোড নম্বরে ১০০০/- (এক হাজার) টাকা ট্রেজারি চালান করে এর মূল কপি এবং একটি ফটোকপি;

৬. কর্মটি মৌলিক, আদালতে কোন মামলা বিচারাধীন নেই এবং প্রদত্ত তথ্য নির্ভুল ঘোষণা সম্বলিত অঙ্গিকারনামা (কার্টিজ পেপার-এ লিখিত বা টাইপকৃত);

৭. কর্মের সঙ্গে স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিদের অনাপত্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);

৮. হস্তান্তরসূত্রে কপিরাইট স্বত্বের মালিক হলে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে নোটারি পাবলিক দ্বারা সত্যায়িত কপিরাইট হস্তান্তর দলিল।

প্রতিষ্ঠানের নামে কপিরাইট রেজিস্ট্রেশনের জন্য উল্লিখিত কাগজপত্রের সঙ্গে অতিরিক্ত যে সকল কাগজপত্র দাখিল করতে হবেঃ

ক) কোম্পানীর মেমোরেন্ডাম (শেয়ার হোল্ডারদের মালিকানা স্বত্বের সংশ্লিষ্ট পৃষ্ঠা), ট্রেড লাইসেন্স, টিআইএন সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি।

খ) নিয়োগকর্তা হিসেবে প্রতিষ্ঠান স্বত্বাধিকারী হলে সৃজনকারীকে প্রতিষ্ঠান প্রদত্ত নিয়োগপত্রের সত্যায়িত ফটোকপি।

ii. অনলাইন পদ্ধতি ও সংযুক্তিসমূহ

১। কপিরাইট অফিসের http://www.copyrightoffice.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করার পর "অনলাইন আবেদন" শীর্ষক অপশনে ক্লিক করতে হবে।

২। "অনলাইন আবেদন" শীর্ষক অপশনে ক্লিক করলে আপনি কপিরাইট অনলাইন রেজিস্ট্রেশন হোমপেইজ-এ প্রবেশ।

৩। কপিরাইট অনলাইন রেজিস্ট্রেশন হোমপেইজ-এ প্রবেশ করে আপনি "প্রবেশ করুন" নামক অপশনে ক্লিক করলে লগইন পেইজ পাবেন। এখন লগইনের জন্য আপনাকে রেজিস্ট্রেশন করতে হবে। "রেজিস্ট্রেশন করুন" বাটন ক্লিক করলে রেজিস্ট্রেশন ফরম পূরণের প্রয়োজনীয় তথ্য যেমন নাম, মোবাইল নম্বর, ই-মেইল ও পাসওয়ার্ড দিয়ে আপনাকে রেজিস্ট্রেশন ফরম পূরণ করতে হবে। উল্লেখ্য যে, একবার রেজিস্ট্রেশন সম্পন্ন করলে ভবিষ্যতে আপনি Same ই-মেইল বা মোবাইল নম্বর এবং পাসওয়ার্ড ব্যবহার করে অন্য যে কোন কর্মের আবেদন করতে পারবেন।

৪। রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর আপনার ই-মেইল কিংবা মোবাইল নম্বর এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করলে ফরম-২ বা আবেদনপত্র প্রথম Page দেখতে পাবেন। এ Page এ আপনাকে ট্রেজারি চালান, স্বাক্ষর ও অঙ্গীকারনামা (কার্টিজ পেপারে সম্পাদিত) স্ক্যান কপি আপলোড করতে হবে এবং বিভিন্ন কলামে চাহিত তথ্য Fill-Up করতে হবে কিংবা অপশন অনুযায়ী নির্ধারিত বাটন সিলেক্ট করতে হবে।

৫। প্রথম Page সম্পন্ন হওয়ার পর "আপনি কি সংরক্ষণ করতে চান" অথবা "সংরক্ষণ করে অগ্রসর হউন" নামক দুটি অপশন পাবেন। "আপনি কি সংরক্ষণ করতে চান" অপশনে ক্লিক করে তথ্যগুলো সংরক্ষণ করতে পারবেন এবং পরবর্তীতে প্রয়োজনীয় তথ্য সংযোজন বা এডিট করে আবেদন সম্পন্ন করতে পারবেন।

অথবা

"সংরক্ষণ করে অগ্রসর হউন" নামক অপশনে ক্লিক করলে আপনি আবেদনপত্রের দ্বিতীয় Page পাবেন। এখানে আপনাকে আপনার ছবি, জাতীয় পরিচয়পত্র এবং কর্মের সফ্‌ট কপি (সফটওয়্যারের ক্ষেত্রে ভিজুয়াল পার্ট ও কর্মের ব্যবহার উপযোগিতার বিবরণ নির্ধারিত বক্সে উল্লেখ করার অপশন আছে)। আপলোড করতে হবে এবং সংশ্লিষ্ট কলাম পূরণ করতে হবে কিংবা প্রদত্ত অপশন থেকে নির্ধারিত বাটন সিলেক্ট করতে হবে। এছাড়া ক্ষেত্র বিশেষে হস্তান্তর দলিল, উত্তরাধিকারি সনদ, সম্মতিপত্র, ট্রেড লাইসেন্স, মেমোরেন্ডাম-এর মালিকানা স্বত্ব বন্টন সংশ্লিষ্ট পৃষ্ঠা, টিন সার্টিফিকেট, প্রতিষ্ঠানের গঠনতন্ত্র এবং নিয়োগপত্রের স্ক্যানকপি আপলোড করতে হবে।

৬। যদি কোন মন্তব্য থাকে তা উল্লেখ করে, আপনি সনদ বাংলায় নাকি ইংরেজিতে চান নির্ধারিত অপশনে ক্লিক করে সিলেক্ট করতে হবে। আপনি আপনার সংরক্ষণের জন্য "সংরক্ষণ করুন" কিংবা দাখিলের জন্য "দাখিল করুন" অপশন সিলেক্ট করতে পারবেন।

৭। সংক্ষণ করলে পরবর্তীতে আপনি আবেদনপত্র এডিট করে দাখিল করতে পারবনে। আর যদি দাখিল করেন তাহলে ছবিসহ আবেদনের কপি স্ক্রিনে ভেসে উঠবে। এটা আপনি প্রিন্ট অথবা ডাউনলোড করে সংরক্ষণ করতে পারবেন এবং তাৎক্ষনিকভাবে আপনার ই-মেইল এবং মোবাইলে এসএমএস এর মাধ্যমে প্রাপ্তি স্বীকার বার্তা পৌছে যাবে।

যোগাযোগের ঠিকানা ঃ	*প্রয়োজনীয় তথ্যের জন্য যোগাযোগ ঃ*
কপিরাইট অফিস *জাতীয় গ্রন্থাগার ভবন (৩য় তলা)* *৩২, বিচারপতি এসএম মোর্শেদ সরণি* *আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।*	*ই-মেইলঃ ecopyrightofficebangladesh@yahoo.com* *ওয়েবসাইটঃ www.copyrightoffice.gov.bd* *Facebook ID: Bangladesh Copyright Office* *ফোন : +৮৮-০২-৯১১৯৬৩২, ফ্যাক্স : +৮৮-০২-৮১৪৪৮৯৫* *Helpline : +88-01511-440044*

Copyright Registration Workflow

১ম (মূল) কপি	২য় কপি	৩য় কপি

চালান ফরম

টি, আর ফরম নং (এস, আর ৩৭ দ্রষ্টব্য)

চালান নং ..... তারিখঃ

বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক লিমিটেড.....জেলার.....শাখায় টাকা জমা দেওয়ার চালান

কোড নং 1 3 4 3 7 0 0 0 0 1 8 4 1

জমা প্রদানকারী কর্তৃক পূরণ করিতে হইবে				টাকার অংক		বিভাগের নাম এবং চালানের পৃষ্ঠাংকনকারী কর্মকর্তার নাম, পদবী ও দপ্তর।*
যাহার মারফত প্রদত্ত হইল তাহার নাম ও ঠিকানা	যে ব্যক্তি/প্রতিষ্ঠানের পক্ষ হইতে টাকা প্রদত্ত হইল তাহার নাম, পদবী ও ঠিকানা।	কি বাবদ জমা দেওয়া হইল তাহার বিবরণ	মুদ্রা ও নোটের বিবরণ/ড্রাফট, প্রে-অর্ডার ও চেকের বিবরণ।	টাকা	পয়সা	
					00	REGISTRAR COPYRIGHT OFFICE, DHAKA.
			মোট টাকা		00	

টাকা (কথায়) :

টাকা পাওয়া গেল

তারিখঃ

ম্যানেজার
বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক লিমিটেড

নোট ঃ ১। সংশ্লিষ্ট দপ্তরের সহিত যোগাযোগ করিয়া সঠিক কোড নম্বর জানিয়া লইবেন।
২। * যে সকল ক্ষেত্রে কর্মকর্তা কর্তৃক পৃষ্ঠাংকন প্রয়োজন, সে সকল ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

অঙ্গীকারনামা

আমি নিম্নস্বাক্ষরকারী (নাম).....পিতা.....মাতা.....
.....পদবী.....ঠিকানা.....
.....
.....জাতীয়তা-বাংলাদেশী,
জাতীয় পরিচয়পত্র নং .....এই মর্মে অঙ্গীকারপূর্বক ঘোষণা করছি যে,
..... নামক.....কর্মটির.....হিসেবে
কপিরাইটের স্বত্বাধিকারি .....।

২। আমি আরও ঘোষণা করছি যে, উল্লিখিত কর্মটি অন্য কোন কর্মের অনুসরণে ও অনুকরণে রচিত হয়নি। উক্ত কর্মটিকে কেন্দ্র করে কোন মামলা বিজ্ঞ আদালত বা কোন ট্রাইব্যুনালে বিচারাধীন নাই।

৩। আমি আরও ঘোষণা করছি যে, ভবিষ্যতে উক্ত কর্মটিকে কেন্দ্র করে কোন প্রকার মামলা সৃজিত হলে বা জটিলতা দেখা দিলে ..... আইন অনুযায়ী তা মোকাবেলা ও সমাধা করতে বাধ্য থাকবে/থাকবো।

৪। আমি আরও ঘোষণা করছি যে, দাখিলকৃত আবেদনে বর্ণিত সকল তথ্য সঠিক আছে, যদি ভবিষ্যতে কোন অসত্য উদঘাটিত হয়, তবে কপিরাইট আইন ২০০০ এর ৮৭ এবং ৮৮ ধারায় উল্লিখিত আইনে নির্ধারিত শাস্তি মেনে নিতে বাধ্য থাকব।

৫। আমি আরও ঘোষণা করছি যে, উক্ত কর্মটি সম্পর্কে যে কোন পর্যায়ে শুনানির প্রয়োজন হলে সংশ্লিষ্ট আদালতে আমি ব্যক্তিগতভাবে/নিয়োজিত প্রতিনিধির মাধ্যমে/বিজ্ঞ আইনজীবীর মাধ্যমে উপস্থিত হয়ে শুনানিতে অংশ নিতে বাধ্য থাকব।

৬। আমি আরও ঘোষণা করছি যে, আমি সম্পূর্ন স্বজ্ঞানে, সুস্থ মস্তিষ্কে এবং কারো কোন প্ররোচনা ব্যতীত এ অঙ্গীকারনামায় স্বাক্ষর প্রদান করলাম।

অঙ্গীকারকারীর স্বাক্ষর

নাম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কপিরাইট অফিস, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় গ্রন্থাগার ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.copyrightoffice.gov.bd

স্মারক : ৪৩.২৯.০০০০.০০১.০৩.২১০.১৮. ৬৩৪ তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৫ / ০৩ মার্চ ২০১৯

বিষয়: হাই-টেক পার্কে বিনিয়োগকারীগণকে ওয়ান স্টপ সার্ভিস প্রদান এর নিমিত্ত তথ্য সংগ্রহ প্রসংগে।

সূত্র: বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর স্মারক: ৫৬.০২.০০০০.০০৬.১৮.২১৭.১৯(অংশ-৩)-২৬, তারিখ: ১৯.০২.২০১৯ খৃঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক স্থাপিত অনলাইন ওয়ান স্টপ সার্ভিস সিস্টেমের মাধ্যমে কপিরাইট অফিস কর্তৃক প্রদত্ত সেবা প্রাপ্তি সহজীকরণের নিমিত্ত ফোকাল পয়েন্ট নির্ধারণসহ যাবতীয় তথ্যাদি নির্ধারিত 'ছক' অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(জাফর রাজা চৌধুরী)
রেজিস্ট্রার অফ কপিরাইটস
ফোন নং ৯১১৯৬৩২
ই-মেইল: copyrightoffice_bangladesh@yahoo.com

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

অনুলিপি:

১। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩। অফিস কপি।

Data Sheet(তথ্য ছক)
Bangladesh Copyright Office

a) One Stop Service Focal Point Information:

Name: Khatuna Jannat
Designation: Assistant Programmer
Telephone no. : 88-02-9119380(office)
Cell: 01816591400
E-mail: Jannat.copyright@gmail.com
Web:

b) Service Related Information:

SL. No.	Description of Services	To Whom it may Concern (Company/Factory/Industry etc.)	List of Documents Required	Modes of Service Delivery (Online/Offline/Both)	Applicable Fees	Service Delivery Time (Working Days)**	Work Process Flow *
1	কপিরাইট রেজিস্ট্রেশন		**ক)ব্যক্তির নামে কপিরাইট রেজিস্ট্রেশনের জন্য উল্লিখিত কাগজপত্র দাখিল করতে হবেঃ** ১. সংশ্লিষ্ট ০২ (দুই) কপি কর্মসহ নির্ধারিত ফরমে পূরণকৃত আবেদনপত্র ০২ (দুই) কপি (ফরম-২); ২. পাসপোর্ট সাইজের এক কপি সত্যায়িত ছবি; ৩. বাংলাদেশের নাগরিকত্ব প্রমাণের জন্য আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের সত্যায়িত ফটোকপি; ৪. সফটওয়্যার কর্মের ক্ষেত্রে ব্যবহার উপযোগিতা/শিল্পকর্মের ক্ষেত্রে কর্মটির শৈল্পিক ব্যাখ্যা/সংগীত কর্মের ক্ষেত্রে গীতিকার, সুরকার ও কন্ঠশিল্পীর নাম উল্লেখসহ গানের তালিকা/সাহিত্য কর্মের ক্ষেত্রে কর্মটি প্রকাশিত হলে প্রচ্ছদ কর্মের হস্তান্তর	Both	১.ট্রেজারি চালান :১০০০ টাকা ২.সিউর ক্যাশ : ১০১০ টাকা	30	

			দলিল (রচয়িতা ব্যতীত); ৫. বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংক লিঃ এর যে কোন শাখায় ১-৩৪৩৭-০০০০-১৮৪১ কোড নম্বরে ১০০০/- (এক হাজার) টাকা ট্রেজারি চালান করে এর মূল কপি এবং একটি ফটোকপি অথবা সিউর ক্যাশের মাধ্যমে পেমেন্ট অপশনে BCO কোডে ১০১০/- জমা দেয়া যাবে। ৬. কর্মটি মৌলিক, আদালতে কোন মামলা বিচারাধীন নেই এবং প্রদত্ত তথ্য নির্ভুল ঘোষণা সম্বলিত অঙ্গিকারনামা (কার্টিজ পেপার-এ লিখিত বা টাইপকৃত); ৭. কর্মের সঙ্গে স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিদের অনাপত্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে); ৮. হস্তান্তরসূত্রে কপিরাইট স্বত্বের মালিক হলে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে নোটারি পাবলিক দ্বারা সত্যায়িত কপিরাইট হস্তান্তর দলিল। **খ) প্রতিষ্ঠানের নামে কপিরাইট রেজিস্ট্রেশনের জন্য উল্লিখিত কাগজপত্রের সঙ্গে অতিরিক্ত যে সকল কাগজপত্র দাখিল করতে হবেঃ** ক) কোম্পানীর মেমোরেন্ডাম (শেয়ার হোল্ডারদের মালিকানা স্বত্বের সংশ্লিষ্ট পৃষ্ঠা), ট্রেড লাইসেন্স, টিআইএন সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি। খ) নিয়োগকর্তা হিসেবে প্রতিষ্ঠান স্বত্বাধিকারী হলে সৃজনকারীকে প্রতিষ্ঠান প্রদত্ত নিয়োগপত্রের সত্যায়িত ফটোকপি।				

জাফর আর. চৌধুরী
রেজিস্ট্রার অফ কপিরাইটস
কপিরাইট অফিস, ঢাকা
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার